# বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশ নিতে বরিশালে প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

একদিনের সফরে বরিশালে পৌঁছেছেন প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারম্যান তারেক রহমান। সফরকালে তিনি বৃক্ষরোপণ কর্মসূচিসহ একাধিক অনুষ্ঠানে অংশ নেওয়ার কথা রয়েছে।

সোমবার (১৩ জুলাই) সকালে সড়কপথে বরিশালের গৌরনদী উপজেলার বাটাজোর ইউনিয়নে নবখনন করা সরিকল খাল এলাকায় পৌঁছান তিনি। এর আগে ভোরের দিকে রাজধানীর গুলশানের বাসভবন থেকে বরিশালের উদ্দেশে যাত্রা শুরু করেন প্রধানমন্ত্রী।

সফরের অংশ হিসেবে গৌরনদীর সরিকল খালের তীরে বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশ নেবেন তিনি। পাশাপাশি বরিশাল জেলা সদরের ত্রিশ গোডাউন বধ্যভূমি এলাকা এবং সংলগ্ন সাগরদী এলাকাতেও বৃক্ষরোপণ কার্যক্রমে অংশগ্রহণের কথা রয়েছে।

এদিকে, দিনের দ্বিতীয়ার্ধে বরিশাল শিল্পকলা একাডেমিতে বিএনপি ও এর সহযোগী এবং অঙ্গসংগঠনের নেতাকর্মীদের সঙ্গে মতবিনিময় সভায় যোগ দেবেন প্রধানমন্ত্রী। সেখানে স্থানীয় রাজনৈতিক পরিস্থিতি ও সাংগঠনিক কার্যক্রম নিয়ে আলোচনা হতে পারে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

LENS ASIA